গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.২০১৬-৪৩৩ | তারিখ : ০১ আষাঢ়, ১৪২৪ / ১৫ জুন, ২০১৭

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১৭ তে আলোচনার জন্য উপস্থাপনযোগ্য সম্ভাবনা/সমস্যা ও সুপারিশমালার উপর মতামত প্রেরণ।

সূত্র : ইউ ও নোট নং-৪৬.০৯৭.০১৬.০০.০০.০০৩.২০১৭-৬৫, তারিখ : ১২/০৬/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, জেলা প্রশাসক, সম্মেলন ২০১৭ তে আলোচনার জন্য উপস্থাপনযোগ্য সম্ভাবনা/সমস্যা ও সুপারিশমালার উপর ইউনিয়ন পরিষদ-২ শাখার মতামত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

ক্রমিক	উপস্থাপিত বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ	উত্তরণের সুপারিশ	সুপারিশ/মতামত
০১।	মাটির কাজের জন্য সর্বোচ্চ ২০% অর্থ ব্যয়ের বিধান রেখে বার্ষিক উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার আদলে ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% অর্থ ব্যয়ের নির্দেশিকা/নীতিমালা জারী করা যেতে পারে।	ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% অর্থ ব্যয়ের নির্দেশিকা/নীতিমালা জারী করা যেতে পারে।	ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% অর্থ ব্যয়ের সংশোধিত নির্দেশিকা/ নীতিমালার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।
০২।	জনগণের আশা আকাঙ্খা পূর্ণ করতে এবং উন্নয়নমূলক কর্মকান্ডে স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে নবনির্বাচিত চেয়ারম্যান এবং ইউপি সদস্যদের বিদ্যমান ইউপি সংশ্লিষ্ট আইন/বিধি ও নীতিমালা সম্পর্কে ধারাবাহিকভাবে প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন।	নবনির্বাচিত চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সদস্যদের প্রশিক্ষণ প্রদান এবং প্রতি বছর নির্দিষ্ট মেয়াদে প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা যেতে পারে।	জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর মাধ্যমে স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান ও সদস্যদের প্রশিক্ষণ প্রদান এবং প্রতি বছর নির্দিষ্ট মেয়াদে প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি নীতিমালা প্রণয়নের জন্য মহাপরিচালক, এনআইএলজিকে অনুরোধ করা হয়েছে।
০৩।	ইউনিয়ন পরিষদে নিয়োজিত গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) প্রদেয় বেতন বর্তমান নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের সঙ্গে বিবেচনায় একেবারে নগণ্য। গ্রাম পুলিশের বেতন বৃদ্ধিসহ তাদের প্রত্যেককে বাইসাইকেল ও মোবাইল সেট এবং পুলিশ বাহিনীর মত রেশন প্রদান করা প্রয়োজন।	গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) প্রদেয় বেতন বৃদ্ধি, প্রত্যেক গ্রাম পুলিশকে একটি করে বাই-সাইকেল ও মোবাইল সেট এবং পুলিশ বাহিনীর মত রেশন প্রদান করা যেতে পারে।	গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) প্রদেয় বেতন গত ০১/০৭/২০১৫ বৃদ্ধি করা হয়েছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী গ্রাম পুলিশকে একটি করে বাই-সাইকেল ও মোবাইল সেট এবং পুলিশ বাহিনীর মত রেশন প্রদানের সুযোগ নেই।
০৪।	এলজিএসপির কার্যক্রম মনিটরিং এর জন্য প্রতিটি উপজেলায় ব্লক গ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি) রয়েছে। কিন্তু উক্ত কমিটির অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় উপজেলা পর্যায়ে এলজিএসপির কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করা সম্ভব হয় না।	এলজিএসপির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও মনিটরিং করার জন্য বিজিসির'র অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা যেতে পারে।	ডিপিপি অনুযায়ী এলজিএসপির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও মনিটরিং করার জন্য বিজিসিসি'র অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের সুযোগ নেই।
০৫।	স্থানীয় সরকারকে গতিশীল ও শক্তিশালীকরণ এবং উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত ও কাজের গুনগতমান নিশ্চিত	স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ সংশোধন করে একটি হিসাব সহকারী,	• স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ ও ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী)

D:\All Documents\Union Parishad-2\General\Note & Letter

	করার জন্য ইউনিয়ন পরিষদের কারিগরি জ্ঞানসম্পন্ন জনবলসহ অন্যান্য জনবল বৃদ্ধি করা একান্ত আবশ্যক।	একটি উপসহকারী প্রকৌশলী ও একটি অফিস সহায়কের পদ সৃজন করা যেতে পারে।	বিধিমালা, ২০১১ অনুযায়ী ৪৫৫৩টি ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর পদ সৃজন ও নিয়োগের লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে ২০০০ টি ইউনিয়ন পরিষদে পদ সৃজন ও নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে ২০১৭-১৮ অর্থবছরে ১২০০টি এবং ২০১৮-১৯ অর্থবছরে ১৩৫৩টি ইউনিয়ন পরিষদে পদ সৃজন ও নিয়োগের ছাড়পত্র প্রদান করা হবে। • স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ ও ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ তে উপ-সহকারী প্রকৌশলী ও একটি অফিস সহায়কের পদ উল্লেখ নেই।
০৬।	গ্রাম আদালতের মাধ্যমে ছোট-খাটো বিরোধ নিস্পত্তি ইউনিয়ন পরিষদের অন্যতম দায়িত্ব হলেও বিচারকের দক্ষতার অভাব এবং ইউনিয়ন পরিষদের জনবলের অভাবের কারণে গ্রাম আদালতের কার্যক্রমে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে।	গ্রাম আদালতের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	গ্রাম আদালতের কার্যক্রম ত্বরান্বিত করার নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের জন্য গ্রাম আদালত প্রকল্প, এলজিএসপি এবং এনআইএলজি-কে অনুরোধ করা হয়েছে।

২৮/৬/১৭

(ড. সৈয়দা নওশীন পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫১৪১৯০

সহকারী সচিব
মনিটরিং-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।